

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৭৭০০.০১৭.৯৯.০০১.১৭- ৫০

তারিখ : ০৫ মাঘ, ১৪২৪
১৮ জানুয়ারি, ২০১৮

বিষয় : পঞ্চগড় জেলার সদর উপজেলার ধাক্কামারা ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, পঞ্চগড় কার্যালয়ের, পত্র নং-৬৮, তারিখ : ০২/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার সদর উপজেলার ধাক্কামারা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩-৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের শর্তাদি অনুসরণ করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্য-বিবরণী মূল/সত্যায়িত ছায়ালিপি (উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে);
- ক. প্রস্তাবিত জায়গার অবকাঠামোগত ও যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে এবং দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রিসিং পেপারে রঙিন কালি দ্বারা চিহ্নিত করে); এবং
- খ. প্রস্তাবিত জায়গাটি নতুন জায়গা হলে পরিপত্রের ৩(চ) ক্রমিকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করে প্রস্তাব প্রেরণ।

(মোঃ মাহীবুবুর রহমান)

উপসচিব

ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
পঞ্চগড়।

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।